

# বাংলা ট্রিবিউন

প্রকাশিত: ১২:২৬, জানুয়ারি ০৭, ২০১৯

## ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে স্প্রিং সেমিস্টারের নবীনবরণ অনুষ্ঠিত

ব্র্যাক ইউনিভার্সিটিতে ২০১৯ সালের স্প্রিং সেমিস্টারের নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে। ৬ ডিসেম্বর (রবিবার) আর্মি গলফ ক্লাবের গলফ গার্ডেনে উৎসবমুখর পরিবেশে নবীনদের বরণ করে নেয় ইউনিভার্সিটি পরিবারের সদস্যবৃন্দ। সকাল ৯টায় শুরু হয় রেজিস্ট্রেশন পর্ব। অনুষ্ঠানের শুরুতেই নবীনদের উদ্দেশ্যে ব্র্যাকের প্রতিষ্ঠাতা ও ব্র্যাক ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন স্যার ফজলে হাসান আবেদ, কেসিএমজি এর পাঠানো দিক-নির্দেশনামূলক একটি ভিডিওবর্তা শোনানো হয়। এরপর আনুষ্ঠানিকভাবে শিক্ষার্থীদের বরণ করে নেন ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত উপাচার্য প্রফেসর মোহাম্মদ তামিম।

ভারপ্রাপ্ত উপাচার্য তার বক্তব্যে বলেন, ‘ব্র্যাক ইউনিভার্সিটি দেশের গতানুগতিক শিক্ষাব্যবস্থার পরিবর্তন সাধন করে কর্মমুখী, আধুনিক ও সার্বিক শিক্ষা প্রদানের মাধ্যমে দেশ ও সমাজের প্রতি দায়িত্ব পালনের ব্রতে নিয়োজিত।’

ওরিয়েন্টেশন অনুষ্ঠানে সাভারে অবস্থিত ব্র্যাক ইউনিভার্সিটির রেসিডেন্সিয়াল ক্যাম্পাসের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করেন ক্যাম্পাস সুপারিন্টেনডেন্ট মি. রেহান আহমেদ। এর আগে ব্র্যাক ইনস্টিটিউট অব ল্যাঙ্গুয়েজ-এর লেকচারার কাজী আবু বক্কর বহুবিশ্ব ভাষা শিক্ষার প্রয়োজনীয়তা সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করেন। এছাড়া ক্যাম্পাসে কাটানো নিজের পুরনো দিনগুলোর অভিজ্ঞতা তুলে ধরেন আর্কিটেকচার বিভাগের প্রাক্তন শিক্ষার্থী কাজী এহসানুল আলম।

ওরিয়েন্টেশনে সমাপনি বক্তব্য রাখেন ব্র্যাক ইউনিভার্সিটির রেজিস্ট্রার লেফটেনেন্ট কর্নেল ফয়জুল ইসলাম (অব.)। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও একাডেমিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কে তিনি শিক্ষার্থীদের ধারণা দেন। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বিভিন্ন বিভাগের চেয়ারপারসন, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

